কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা কবিতা/গল্প
সংবাদপত্রে প্রকাশিত করতে
যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

হলি ডে
হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল/রিসোর্ট :-** তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :-** আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।



HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 10 OCTOBER 2025 ,FRIDAY | ১০ অক্টোবর ২০২৫ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-414

## কুমারগ্রাম ব্লকের ভল্কা বারোবিশা দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের বন্যা বিধ্বস্ত এলাকায় পঞ্চায়েত মন্ত্রী



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৯ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের ভল্কা বারোবিশা দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের বন্যা বিধ্বস্ত এলাকা পরিদর্শন করলেন পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার। বৃহস্পতিবার আলিপুরদুয়ার থেকে সড়কপথে মন্ত্রী বন্যা বিধ্বস্ত এলাকায় আসেন। তার সাথে ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক, আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা সহ অন্যান্য আধিকারিকগন। এদিন পঞ্চায়েত মন্ত্রী এলাকার বন্যা কবলিত বাসিন্দাদের সাথে কথা বলেন। বন্যায় এই এলাকায় প্রচুর জমির ফসল নষ্ট হয়ে গিয়েছে। মন্ত্রী এদিন ক্ষতিগ্রস্ত কৃষকদের উচ্চ ফলনশীল ফসলের বীজ ও সার তুলে দেন।

## হাতির হানায় মৃত ব্যক্তির পরিবারের হাতে পাঁচ লক্ষ টাকার চেক তুলে দিলেন বিধায়ক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৯ অক্টোবর : হাতির হানায় মৃত এক ব্যক্তির পরিবারের হাতে বৃহস্পতিবার দুপুরে পাঁচ লক্ষ টাকার চেক তুলে দিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়। উপস্থিত ছিলেন রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি রূপালী দে সরকার, বন দপ্তরের বেলাকোবা রেঞ্জের রেঞ্জার পুকার তামাং, সমাজসেবী অরিন্দম ব্যানার্জী সহ অন্যান্যরা। জানা গেছে গত মঙ্গলবার রাতে গজলডোবা লাগোয়া মান্তাদাড়ি গ্রাম পঞ্চায়েতের সরস্বতী পুর চা বাগানের করলা ভ্যালি এলাকায় হাতির হানায় মৃত্যু হয় চা বাগানের শ্রমিক লালু ওঁরাও এর। এদিন তার পরিবারের সদস্যদের হাতে পাঁচ লক্ষ টাকার চেক তুলে দিয়ে পরিবারটির পাশে থাকার আস্বাস দেন বিধায়ক।

## অবৈধভাবে ভারতে প্রবেশের অভিযোগে গ্রেপ্তার দুই বাংলাদেশী যুবক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৯ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ বিশেষ সূত্র মারফত খবর পেয়ে বুধবার রাতে থানা এলাকার ভাতসালার কাছে অভিযান চালিয়ে দুই যুবককে আটক করে। অভিযোগ এই দুই যুবক অবৈধভাবে ভারতে প্রবেশ করেছে। আটক দুই যুবকের হেফাজত থেকে উদ্ধার হয় বাংলাদেশী সিমকার্ড সহ দুটি মোবাইল। আটক দুই যুবক পুলিশের জিজ্ঞাসাবাদে স্বীকার করে তারা নৌকা করে পদ্মা নদী পেরিয়ে অবৈধভাবে সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশ করেছে। তারা ভ্রমনের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় পুলিশ তাদের গ্রেপ্তার করে। অভিযানে নেতৃত্ব দেন ডোমকল থানার আই সি পার্থসারথি মজুমদার। ধ্রতরা জানায় তারা কাজের খোঁজে ভারতে প্রবেশ করেছে। ধৃতদের নাম আকাশ শেখ (২০) ও রবি শেখ ১৯), দুজনেই বাংলাদেশের কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ থানার সাকুয়া এলাকার বাসিন্দা। ধৃতদের বৃহস্পতিবার আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## নক্সালবাড়ির বেংগাইজোতে গভীর রাতে জমির ধানগাছ সাবাড় করলো হাতির পাল



নিজস্ব সংবাদদাতা, এই যুগ ,দার্জিলিং , ৯ অক্টোবর : দার্জিলিং জেলার নকশালবাড়ি থানা এলাকার টুকরিয়াঝাড় লাগোয়া বেংগাইজোত গ্রামে আমন ধানের ক্ষেতে বুধবার গভীর রাতে হানা দেয় দশটি হাতির পাল।জানা গেছে জঙ্গল থেকে বেরিয়ে হাতির পালটি ধা ক্ষেতে প্রবেশ করে জমির ধান সাবাড় করে। কৃষকরা টের পেয়ে ঘটনাস্থলে পৌঁছে খবর দেন বন দপ্তরের টুকরিয়াঝাড় রেঞ্জের বন কর্মীদের। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে হাতির পালটিকে জঙ্গলের দিকে তাড়িয়ে নিয়ে যান। বন দপ্তর সূত্রে জানা গেছে নিয়ম মাফিক আবেদন করলে ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরন দেওয়া হবে।

# উদ্ধার গাঁজা, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ৯ অক্টোবর : কোচবিহার জেলা পুলিশের সাহেবগঞ্জ থানার অন্তর্গত নয়ারহাট ফাঁড়ির পুলিশ বৃহস্পতিবার সকালে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুকারুরকুঠী অঞ্চলের শিউটি গ্রামের একটি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ি থেকে উদ্ধার হয় প্যাকেটবন্দী একশো উনচল্লিশ কেজি গাঁজা। গ্রেপ্তার করা হয় বাড়ির মালিককে। পুলিশ সূত্রে জানানো হয় গাঁজা উদ্ধার ও বাজেয়াপ্ত করা সহ বাড়ির মালিককে গ্রেপ্তার সমস্ত প্রক্রিয়া এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃত বাড়ির মালিকের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবারই আদালতে পাঠানো হয়েছে। পুলিশের অনুমান ধৃত ব্যক্তি গাঁজা পাচার চক্রের সাথে জড়িত। পুলিশ তদন্ত শুরু করেছে।

# তৃণমূলের গোষ্ঠী কোন্দলের তদন্ত শুরু করলেন ডিপিএসসি চেয়ারম্যান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : তৃণমূলের বিজয়া সম্মেলনীতে গোষ্ঠী কোন্দলের জেরে অনেক নেতাকে দেখা যায়নি। আলিপুরদুয়ার জেলার বিভিন্ন নেতৃত্ব সম্মেলনে উপস্থিত থাকলেও ব্লকের বেশ কিছু তাঁবড় নেতা সম্মেলনে যোগদান করেননি। যদিও বিষয়টি নিয়ে ডিপিএসসি চেয়ারম্যান পরিতোষ বর্মন জানিয়েছেন, তারা দলেই আছেন কিন্তু কেন আসেননি তা নিয়ে খোঁজ খবর নেওয়া হবে। বিধানসভা ভোটের আগে আলিপুরদুয়ার দুই ব্লকে গোষ্ঠী কোন্দল দিনের পর দিন বেড়েই চলেছে। যদিও জেলা থেকে শুরু করে রাজ্য নেতৃত্ব আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের বিষয়টি জানেন কিন্তু তারা কোনরকম কোন্দল মেটানোর চেষ্টা করেননি। পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি থেকে শুরু করে পঞ্চায়েত সমিতির প্রাক্তন সহ সভাপতি সহ জেলা পরিষদের প্রাক্তন মেম্বারকেও দেখা যায়নি এই সম্মেলনে। যদিও তৃণমূলের একাংশ বলছেন সম্মেলনে ৮ থেকে ৯০০ জন উপস্থিত ছিল এর মধ্যে অধিকাংশই মহিলা। সরকারি হিসেবেও উপস্থিতির হার ছিল ৮ থেকে ৯০০। মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতে ২৫ টি বুথে ভোটার রয়েছে কম করে ২৫০০০। মাঝেরডাবড়ী ব্যতীত আরো দশটি গ্রাম পঞ্চায়েত রয়েছে আলিপুরদুয়ার ২ ব্লকে।

## ফুলেরা কেন কথা বলে না ?

অমিত মন্ডল

ঘটেছিল যা কিছু,
সরিয়ে ফেললে সব,
ঘটতে পারতো যা---
সাজিয়ে বললেই গৌরব।

শোনা কথার বেশি---
সোনা মনে হয়,
সময় প্রমাণ করে---
পিতলটুকুও নয়।

শ্রোতারা তখন বেশ---
অপরাধবোধে ভোগে;
বাদী বিবাদীর হাতে---
পেয়ালা, কথা যোগে।

বোধহয় এই জন্যই ফুল---
না করে শোনা ও বলার ভুল।



# রেলের টিকিট বিক্রির অভিযোগে বারবিশায় গ্রেফতার এক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৯ অক্টোবর : রেলের টিকিট বিক্রির অভিযোগে চাঞ্চল্য তৈরি হয়েছে বারবিশায়। অবৈধ উপায়ে রেলের টিকিট বিক্রির অভিযোগে কুমারগ্রাম ব্লকের বারবিশা থেকে এক যুবককে গ্রেফতার করল আরপিএফ। বৃহস্পতিবার দুপুর নাগাদ বারবিশার দক্ষিণ রামপুর এলাকার একটি দোকান থেকে ওই যুবককে গ্রেফতার করা হয়। জানা গিয়েছে, ধৃতের নাম দেবাশিস সরকার ওরফে দেবু। অভিযোগ, ওই দোকান থেকে অতিরিক্ত পরিমাণে রেলের টিকিট বুকিং করা হতো এবং সেগুলি চড়া দামে বিক্রি করা হতো। রেল কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই এই কাজ করা হচ্ছিল বলে অভিযোগ। এদিন দুপুরের দিকে বারবিশা ফাঁড়ির পুলিশকে সঙ্গে নিয়ে আরপিএফ ওই দোকানে হানা দেয়। গ্রেফতার করা হয় দোকানের মালিক দেবাশিস সরকারকে। ধৃতের দোকান থেকে কম্পিউটার, হার্ডডিস্ক সহ অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলে আরপিএফ সূত্রে জানা গিয়েছে।

# মাদক খাইয়ে গৃহবধূকে অজ্ঞান ,গ্রেফতার চার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : তালাক হয়ে যাওয়ার পরও গৃহবধূকে বাড়িতে নিয়ে গিয়ে অজ্ঞান করে ফেলে রাখার অভিযোগে সরগরম হয়ে ওঠে আলিপুরদুয়ার দুই ব্লকের যশোডাঙ্গা মোমিনপাড়া এলাকা। অভিযোগ উঠে গৃহবধুর স্বামীসহ তার পরিবারের বেশ কয়েকজনের বিরুদ্ধে। তালাক হওয়া গৃহবধুর পক্ষ থেকে শামুকতলা থানায় অভিযোগ দায়ের করা হয় ১০ জনের বিরুদ্ধে। এদের মধ্যে চারজনকে গ্রেফতার করে পুলিশ। অভিযুক্ত আক্তার হোসেন রফিক মোমিন নাজির মোমিন উজির মোমিন কে বৃহস্পতিবার বেলা দুইটা নাগাদ আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। অভিযুক্তদের বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করা হয়েছে। উল্লেখ্য গত ৭ তারিখ বেলা সাড়ে দশটা নাগাদ যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে এসেছিল রূপসোনা খাতুন ডাক্তার দেখাতে। সেখান থেকেই তাকে তুলে নিয়ে গিয়ে নেশা জাতীয় দ্রব্য হারিয়ে অজ্ঞান অবস্থায় রেখে দেয় তার তালাক হওয়া স্বামী হযরত হোসেনের বাড়িতে। রাত্রি এগারোটা নাগাদ রুখসানা খাতুন কে উদ্ধার করা হয় তার বাড়ি থেকে অজ্ঞান অবস্থায়। বিষয়টি নিয়ে গ্রাম্য সালিশি বসে বুধবার দুপুরে। গ্রাম্য সালিশিতে কোন সুরাহা না হওয়ায় অভিযুক্তরা রূপসোনা খাতুনের বাড়িতে চড়াও হয় তাকে প্রচন্ডভাবে মারধোর করা হয় এমনকি তার বাবা-মাও কেউ মারার জন্য অস্ত্র নিয়ে চড়াও হন তারা। বুধবার রাতে অভিযোগ দায়ের হয় দশ জনের বিরুদ্ধে। পুলিশ চারজনকে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায়।

# ৬টি ছাগলের মৃত্যু, পথ-অবরোধ করে বিক্ষোভ স্থানীয়দের



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : পথ অবরোধ করে বিক্ষোভ দেখালেন জনতা। ডাম্পারের ধাক্কায় ৬টি ছাগলের মৃত্যুর ঘটনায় পথ-অবরোধ করে বিক্ষোভ দেখালেন স্থানীয় বাসিন্দারা। বৃহস্পতিবার কুমারগ্রাম ব্লকের রাধানগর এলাকায় ঘটনাটি ঘটেছে। পরে স্থানীয়দের সঙ্গে আলোচনা করে অবরোধ তুলে দেয় পুলিশ। জানা গিয়েছে, এদিন ভোরে রাধানগর এলাকায় কুমারগ্রাম-জোড়াই রাজ্য সড়কে তিনটি ডাম্পারের ধাক্কায় ৬টি ছাগলের মৃত্যু হয়। ঘটনার জেরে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। স্থানীয়রা কুমারগ্রাম-জোড়াই রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকেন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ। ডাম্পার গুলির খোঁজ করে ছাগলের মালিককে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হবে বলে পুলিশ আশ্বাস দেয়। এরপরই অবরোধ তুলে নেন স্থানীয়রা। ছাগল গুলির মালিক প্রসেনজিৎ সরকার জানান, ডাম্পারের ধাক্কায় ছাগল গুলির মৃত্যুতে তাঁর এক লাখ টাকার ক্ষতি হয়েছে।

# মারপিটের জেরে চরম উত্তেজনা যশোডাঙ্গায়



মলয় দেবনাথ, এই যুগ , আলিপুরদুয়ার, ৯ অক্টোবর : চরম উত্তেজনা তৈরি হয়েছে যশোডাঙ্গা মোমিন পাড়া এলাকায়। যশোডাঙ্গা মসজিদ কমিটির সম্পাদক কে ব্যাপকভাবে মারধর করেছেন এলাকার সাত জন ব্যক্তি। এদের মধ্যে চারজন গ্রেপ্তার হলেও এখনো তিনজনকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। যশোডাঙ্গা মোমিন পাড়ার বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েছেন অবিলম্বে তাদের গ্রেপ্তার করার দাবি নিয়ে শামুকতলা থানার সামনে ভিড় জমিয়েছেন মোমিন পাড়া এলাকার প্রায় দুই শতাধিক বাসিন্দা এমনটাই জানা গেছে তাদের কাছ থেকে বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ। এদিন বেলা বারোটা নাগাদ প্রায় ২ শতাধিক ব্যক্তি শামুকতলা থানার সামনে সমবেত হয়ে পুলিশের কাছে একটি স্মারকলিপি প্রদান করেন। তাদের অভিযোগ মসজিদ কমিটির সম্পাদককে দোকান থেকে বের করে অভিযুক্তদের বাড়িতে নিয়ে গিয়ে ব্যাপকভাবে মারধর করা হয়। উল্লেখ্য অভিযুক্তরা এলাকায় বিভিন্ন অসামাজিক কাজে জড়িত রয়েছেন। এলাকায় শান্তির শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অভিযুক্তদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তারা। যদিও পুলিশ জানিয়েছে অভিযুক্তদের মধ্যে চারজনকে আগেই গ্রেফতার করা হয়েছে বাকিদের গ্রেপ্তার করা হবে।

# বন্যাদুর্গতদের ত্রান কার্যে রামকৃষ্ণ মিশনের শিলিগুড়ি শাখা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ৯ অক্টোবর : রামকৃষ্ণ মিশন বেলুর মঠের উদ্যোগে ও রামকৃষ্ণ মিশন শিলিগুড়ি শাখার পরিচালনায় বন্যা কবলিত জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের পোড়াঝাড় ও নাগরাকাটা ব্লকের লুকসান এলাকায় বন্যা দুর্গতদের মাঝে ত্রান বিতরন চলছে। জানা গেছে চলতি মাসের পাঁচ তারিখ থেকে ত্রান বিতরন কর্মসূচি লাগাতার চলছে। রান্না করা খাবার,শুকনো খাবার, বস্ত্র সহ অন্যান্য সামগ্রী বন্যা দুর্গতদের দেওয়া হচ্ছে। মিশন সূত্রে জানানো হয়েছে খুব শীঘ্রই রান্নার বাসন পত্র সহ বিছানার সামগ্রী বন্যা দুর্গতদের মধ্যে বিতরনের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

# ভুটানের সঙ্গে বৈঠক বিধায়কের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : ভুটানের নদীর ড্রেজিং নিয়ে সেই দেশের আধিকারিকের সঙ্গে এদিন ফুন্টশেলিং শহরে বৈঠক করলেন কালচিনির বিধায়ক বিশাল লামা।ভুটানের নদী এসে জয়গাঁ এলাকা ক্ষতিগ্রস্ত করে প্রতিবছর।এই ঘটনা যাতে আগামীতে না ঘটে তার জন্য এই উদ্যোগ নেওয়ার অনুরোধ জানিয়েছেন সেই দেশের আধিকারিকের কাছে বিধায়ক বিশাল লামা।গত শনিবার ও রবিবারের টানা বৃষ্টির কারণে ভুটান পাহাড় সৃষ্ট নদীগুলি ফুলেফেঁপে উঠেছিল। গোবরজ্যোতি, খারখোলা, যোগিখোলা সব নদীতে জল বেড়ে গিয়েছিল। এই নদীগুলিতে জল বাড়লেই তা জয়গাঁ সংলগ্ন গ্রামগুলিতে ছড়িয়ে পরে।সমস্যার সম্মুখীন হতে হয় একাকাবাসীদের। সমস্যা এখানেই শেষ হয়না জল নেমে যাওয়ার পর পলি, বালি জমে যায় এলাকায়।প্রায় দু-তিনদিন এই পলি, বালি পরিষ্কার করতে দিন চলে যায় বাসিন্দাদের।জয়গাঁর নদী সংলগ্ন এলাকার বাসিন্দারা এই বিষয়ে অভিযোগ জানান বিধায়কের কাছে, যখন তিনি এইসব এলাকা পরিদর্শনে যান। এরপরেই এদিন ভুটান সরকারের আধিকারিকের সঙ্গে বৈঠক করেন বিশাল লামা। জয়গাঁ বিভিন্ন এলাকা ভুটানের জলে প্রভাবিত হয়। এলাকার সীমানা প্রাচীর অনেকদিন আগেই ক্ষতিগ্রস্ত হয়েছে। ভুটান প্রান্তে যে নদী রয়েছে সেখানে সীমানা প্রাচীর দেওয়ার প্রসঙ্গ নিয়ে আলোচনা হয়েছে বলে জানা যায়।এছাড়াও বিশাল লামা জানান, "ভুটান পাহাড় সৃষ্ট নদীগুলির ড্রেজিং প্রয়োজন। সেটি ভুটানের সীমানায় হলেই অতিরিক্ত জল চলে আসার সমস্যা মিটবে বলে আমার মনে হয়, এই বিষয়টি নিয়ে বলেছি। ভুটানের তরফে এই শীতে ড্রেজিং এর কাজ করার আশ্বাস মিলেছে।"

**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা- **তারাপীঠ**(হোটেল), **দিঘা**(হোটেল/রিসোর্ট),**পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল),**দার্জিলিং**,(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে),**খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি),**আন্দামান**(হোটেল) । বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |